

এইচএসসির ফল প্রকাশ আজ

জানা যাবে দুপুর ২টায়

যুগান্তর রিপোর্ট

এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল আজ প্রকাশিত হচ্ছে। দুপুর ২টায় একযোগে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও অনলাইন থেকে এবং এসএমএসের মাধ্যমে এ ফল জানা যাবে। এবারের ফলাফলের বিশেষত্ব হচ্ছে— গেস কয়েক বছর ধরে প্রণীত বোর্ডভিত্তিক সেরা ২৬ ও জেলাভিত্তিক সেরা ১০ শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা থাকছে না। ফল প্রকাশের কার্যক্রম শুরু হবে সকাল ১০টায়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শিক্ষা বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের সার-সংক্ষেপ তুলে দেবেন। পরে দুপুর ১টায় শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশের ঘোষণা দেবেন। শিক্ষা মন্ত্রণালয়ের সর্গমিষ্ট দায়িত্বশীলরা জানিয়েছেন, পরীক্ষার ফল এবারও 'পেপারলেস' (কাগজে লেখা ছাড়া) হবে। বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ই-মেইলে ফল পাঠানো হবে। পরীক্ষার্থীরা শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট অথবা পাবলিক পরীক্ষার ফলাফলের জন্য তৈরিকৃত বিশেষায়িত ও.ই.ব.স।ই.টি (www.educationboardresults.gov.bd) ফল জানতে পারবে।

আজ : পৃষ্ঠা ১৪ : কলাম ৪

আজ : ফল প্রকাশ

(১ম পৃষ্ঠার পর)

আটটি সাধারণ বোর্ডের শিক্ষার্থীরা যদি এসএমএসে ফল জানতে চায়, তাহলে তাকে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে HSC লিখে স্পেস দিয়ে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে, স্পেস দিয়ে রোল নম্বর, স্পেস দিয়ে ২০১৫ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। আলিমের ক্ষেত্রে ফল জানতে Alim লিখে স্পেস দিয়ে Mad স্পেস দিয়ে রোল নম্বর, স্পেস দিয়ে ২০১৫ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। আর এইচএসসি ভোকেশনালের ফল জানতে HSC লিখে স্পেস দিয়ে Tec লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৫ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফল জানিয়ে দেয়া হবে। উল্লেখ্য, এবার আটটি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ডের অধীনে ১০ লাখ ৭৩ হাজার ৮৮৪ পরীক্ষার্থী অংশ নিয়েছেন। ১ এপ্রিল এ পরীক্ষা শুরু হয়ে লিখিত পরীক্ষা শেষ হয় ১১ জুন। আর ব্যবহারিক পরীক্ষা ১৩ জুন শুরু হয়ে শেষ হয় ২২ জুন।